



নর্থ সাউথ ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান পদে জাভেদ মুনির পুনর্নির্বাচিত

নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান পদে ২০২৪-২৫ সালের জন্য জাভেদ মুনির আহমেদ পুনর্নির্বাচিত হয়েছেন। সম্প্রতি এনএসইউ ট্রাস্টের ১৩তম বার্ষিক সাধারণ সভায় এ-সংক্রান্ত ঘোষণা দেয়া হয়। ২০২২ সালের ১৬ আগস্ট চ্যামেলের কর্তৃক পুনর্গঠিত এনএসইউ বোর্ড নিয়োগের পর জাভেদ মুনির দ্বিতীয় মেয়াদের চেয়ারম্যানের দায়িত্ব পেলেন। তার পিতা মুসলেহউদ্দিন আহমেদ এনএসইউর প্রতিষ্ঠাতা এবং দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয় খাতের পথিকৃৎ।

বাংলাদেশের আইটি শিল্পের অন্যতম পথিকৃৎ জাভেদ মুনির এনএসইউতে গবেষণার মান আরো বৃদ্ধিতে আগ্রহ প্রকাশ করেছেন। এরই অংশ হিসেবে তিনি এ বিশ্ববিদ্যালয়ে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) ইনস্টিটিউট স্থাপনের প্রস্তাব করেছেন।

অ্যাপ্রোসফট কনসাল্টিং অ্যান্ড ট্রেনিং করপোরেশন লিমিটেডের প্রতিষ্ঠাতা এমডি জাভেদ মুনির আহমেদ আইটি শিল্পের সঙ্গে ৩৫ বছরেরও বেশি সময় ধরে কাজ করছেন। যুক্তরাষ্ট্রের ব্রাউন বিশ্ববিদ্যালয় থেকে তড়িৎ প্রকৌশল বিষয়ে ডিগ্রি অর্জনের পর তিনি ১৯৯০ সালে সফটওয়্যার শিল্পে প্রকৌশলী হিসেবে কর্মজীবন শুরু করেন।

জাভেদ মুনির আহমেদ ২০০৬ সালে বাংলাদেশে অ্যাপ্রোসফটের অফিস প্রতিষ্ঠা করেন, যা উত্তর আমেরিকা ও ইউরোপীয় ইউনিয়নের গ্রাহকদের জন্য বিশ্বমানের সফটওয়্যার ডেভেলপমেন্ট সেবা প্রদান করে থাকে। এছাড়া তিনি ২৫ বছরেরও বেশি সময় ধরে যুক্তরাষ্ট্রে ফেডারেল নিয়ন্ত্রিত অলাভজনক সংস্থার বোর্ডেও দায়িত্ব পালন করেছেন।

জাভেদ মুনির আহমেদ এনএসইউ ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান পদে পুনর্নির্বাচিত হওয়ায় বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আতিকুল ইসলাম বলেন, 'আমরা তার অন্তর্প্রেরণামূলক নেতৃত্বে এনএসইউর প্রবৃদ্ধি ও উন্নয়নকে আরো এগিয়ে নেয়ার প্রত্যাশায় তার সফল মেয়াদ কামনা করছি।' —বিজ্ঞপ্তি